গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১.৬৭৯

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮
০৬ ডিসেম্বর ২০২১

## অফিস আদেশ

অর্থ বিভাগের ২০ জুন ২০২১ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০২১-৫৮৯ সংখ্যক স্মারকের আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের **বাজেট ওয়ার্কিং গ্রুপ** সংশোধন করে নিম্নবর্ণিতভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

### বাজেট ওয়ার্কিং গ্রুপের গঠন ও কার্যপরিধি

**(১) গঠন:**

| ক্র.নং | পদবি ও কর্মস্থল | পদ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন উইং প্রধান), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন অধিশাখা/শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৫ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য |
| ৬ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | সদস্য |
| ৭ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| ৮ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| ৯ | বাজেট/হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | সদস্য |
| ১০ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট-২৩ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, আর্থ-সামাজিক উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১২ | সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, স্কাইসোয়াম উইং, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৩ | চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ১৪ | হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ১৫ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**(২) কার্যপরিধি:**

নিম্নোক্ত দলিল/প্রাক্কলন/বিবরণীসমূহ পরীক্ষ ও চূড়ান্ত করে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য

উপস্থাপন করতে হবে:

**কৌশলগত**

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সঙ্গে সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীত-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ;

২. মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে সংগতিসাধনপূর্বক বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ;

৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি-পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভুক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং

৫. মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট-সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন।

**বাজেট পরিকল্পনা, প্রণয়ন/হালনাগাদ**

৬. মন্ত্রণালয়/বিভাগের খসড়া বাজেট কাঠামো (প্রথম ও দ্বিতীয় ভাগ) প্রণয়ন/হালনাগাদকরণ;

৭. সচিবালয় এবং সংযুক্ত/অধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ/হালনাগাদকরণ;

৮. রাজস্ব আয়,পরিচালন ও উন্নয়ন ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুতকরণ; এবং

৯. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণয়ন।

**প্রতিবেদন প্রস্তুত ও বিবিধ**

১০. বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ;

১১. প্রধান কর্মকৃতি নির্দেশক (Key performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত;

১২. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত;

১৩. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যপত্র প্রণয়ন; এবং

১৪. বাজেট ব্যবস্থাপনা কমিটি বা প্রধান হিসাবদানকারী অফিসার (Principal Accounting Officer) কর্তৃক প্রদত্ত বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং পর্যালোচনা সংক্রান্ত অন্য যে কোন বিষয়।

৬-১২-২০২১
এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৯৪

ইমেইল:
sas.budget@moysports.gov.bd

নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১.৬৭৯/১(১৭)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮
০৬ ডিসেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। (দৃ:আ: উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট-২৩ শাখা, অর্থ বিভাগ)।

২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, আর্থ-সামাজিক উইং)।

৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: সহকারী/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব, স্কাইসোয়াম উইং)।

৪) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (দৃ:আ: পরিচালক (পরিকল্পনা)/উপপরিচালক (অর্থ ও অডিট))।

৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা। (দৃ:আ: উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/সহকারী পরিচালক (অর্থ))।

৬) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা। (দৃ:আ: পরিচালক (প্রশাসন ও অর্থ))।

৭) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা। (দৃ:আ: সহকারী পরিচালক (প্রশাসন))।

৮) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা। (দৃ:আ: পরিচালক (অর্থ)/পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন))।

৯) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা। (দৃ:আ: নির্বাহী কর্মকর্তা/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা)।

১০) যুগ্মসচিব/উপসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৩) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৫) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

১৬) অতিরিক্ত সচিব/যুগ্মসসচিব (প্রশাসন উইং প্রধান) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৭) অফিস কপি।

৬-১২-২০২১
এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব